# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

(১) রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপ-নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীদের প্রচার অভিযান ক্রমে জোরদার/ দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল সহ আম আদমি পার্টির ৪০জন তারকা প্রচারকের তালিকা প্রকাশ/

(২) রাজ্য পর্যায়ের নিযুক্তি আয়োগের অধীনে আগামীকাল অনুষ্ঠেয় চতুর্থ শ্রেণীর লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রশাসনের যাবতীয় ব্যবস্থা গ্রহণ/বরাক উপত্যকার কাছাড় ও করিমগঞ্জ জেলায় অনুষ্ঠেয় এই পরীক্ষার জন্য যাতায়াত সহ সবধরণের ব্যবস্থা/

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল আকাশবাণীর ‘মন কী বাত’ অনুষ্ঠানের ১১৫তম সংস্করণ/

(৪) গুয়াহাটির জ্যোতি চিত্রবনে দুদিনব্যাপী অষ্টম চলচ্চিত্রম জাতীয় চলচ্চিত্র মহোৎসব-২০২৪ আরম্ভ/

---

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের জন্য অনুষ্ঠেয় উপ-নির্বাচনে মনোনয়ন পত্র জমা দেওয়ার দিন শেষ হয়ে যাওয়ার পর থেকে এই আসনগুলিতে বিভিন্ন রাজনৈতিক দল

ও নির্দল প্রার্থীদের প্রচার ক্রমে গতি লাভ করছে । রাজ্যের মন্ত্রী পীযূষ হাজারিকা বিহালী বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য সেখানকার বিজেপি প্রার্থী দিগন্ত ঘাটোয়ারের হয়ে নির্বাচনী প্রচার চালাচ্ছেন । এছাড়া তিনি সামগুড়ি কেন্দ্রের বিজেপি প্রার্থী দিপ্লু রঞ্জন শর্মার হয়ে প্রচারে অংশ নেন । এদিকে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা আজ সিডলি আসনের দলীয় প্রার্থী সঞ্জীব ওয়ারির হয়ে নির্বাচনী প্রচার চালান । কংগ্রেস সাংসদ রকিবুল হোসেন সামগুড়ি আসনে দলীয় প্রার্থী তানজিল হোসেনের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নেন । উল্লেখ্য- পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনে মোট ৩৮জন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

এদিকে ধলাই (সংরক্ষিত) আসনে গতকাল মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে মোট ন'জন প্রার্থী এপর্যন্ত নির্বাচনী আসরে রয়েছেন । এদের মধ্যে কংগ্রেসের ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, বিজেপির নীহার রঞ্জন দাস, এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের গৌরচন্দ্র দাস ছাড়াও ছ'জন নির্দল প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এরা হচ্ছেন- অমিয় কান্তি দাস, অমলেন্দু দাস, রাজু দাস, পরিমল দাস, দিলীপ কুমার ধুবি এবং ধীরাজ দাস । এই আসনের রিটার্নিং অফিসার ধ্রুবজ্যোতি হাজারিকা জানিয়েছেন যে- মনোনয়ন পত্রগুলি আগামী সোমবার পরীক্ষা করা হবে । এবং মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে আগামী ৩০শে অক্টোবর । ঐদিন বিকেল তিনটায় মনোনয়ন পত্র প্রত্যাহারের সময়সীমা শেষ হয়ে যাবে ।

এদিকে এই উপ-নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে আয়োজন করার বিষয়ে আলোচনা করতে আজ কাছাড়ের জেলা আয়ুক্তের সভাকক্ষে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । উচ্চস্তরীয় এই সভায় ধলাই বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য সম্ভাব্য নির্বাচনী পর্যবেক্ষক- অর্থাৎ সাধারণ পর্যবেক্ষক- এম. বিজয়লক্ষ্মী, পুলিশ পর্যবেক্ষক- পাকেলা সেফাস কল্যাণ এবং ব্যয় পর্যবেক্ষক- চঞ্চল কুমার তিওয়ারিকে নিয়ে অনুষ্ঠিত এই সভায় স্বচ্ছতা বজায় রেখে নির্বাচনী আচরণবিধি মেনে সমগ্র ভোটপর্ব সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়েছে । কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব, কাছাড় জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক প্রণব কুমার বরা, জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে এই সভায় বিশেষ ভূমিকা গ্রহণ করেন । এতে জেলার অতিরিক্ত আয়ুক্ত, নির্বাচনী আধিকারিক এবং বিভিন্ন নির্বাচনী সেলের সহকারী আধিকারিকরাও উপস্থিত ছিলেন ।

---

আম আদমি পার্টি বিহালী ও সামগুড়ি আসনের নির্বাচনী প্রচারের জন্য ৪০ জনের তারকা প্রচারকের তালিকা প্রকাশ করেছে । তালিকা অনুসারে দিল্লীর প্রাক্তন মূখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল আসামে নির্বাচনী প্রচার চালাবেন ।প্রাক্তন উপ-মূখ্যমন্ত্রী মনীষ

সিসোদিয়া ,দিল্লীর বর্তমান মূখ্যমন্ত্রী আতিশী সহ পাঞ্জাবের ভগবন্ত মানও আসামে প্রচার চালাতে আসবেন । এছাড়াও প্রাক্তন ক্রিকেটার হরভজন সিং ,সঞ্জয় সিং সহ ২৯ জন জাতিয় পর্যায়ের নেতা আসামে প্রচার চালাবেন ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্য পর্যায়ের নিযুক্তি আয়োগের অধীনে আগামীকাল অনুষ্ঠেয় চতুর্থ শ্রেণীর লিখিত পরীক্ষা অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রশাসনের পক্ষ থেকে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । এদিকে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের তত্ত্বাবধানে আগামীকাল রাজ্যের ২৮টি জেলায় ৪২টি বিভাগের চতুর্থ শ্রেণীর মোট ৫ হাজার ২৩ টি শূন্য পদের জন্য অনুষ্ঠেয় এই পরীক্ষার জন্য এক হাজার ৪৮৪টি কেন্দ্রে ১৩ লক্ষ ৭৯ হাজার ১৩২ জন প্রার্থী অবতীর্ণ হবেন । এরমধ্যে প্রথম পর্বে সকালের পরীক্ষায় অবতীর্ণ হতে চাওয়া প্রার্থীর সংখ্যা হচ্ছে- ৮ লক্ষ ২৭ হাজার১৩০ জন । এবং দ্বিতীয় পর্বে বিকেলের পরীক্ষায় ৫লক্ষ ৫২ হাজার প্রার্থী রয়েছেন । আগামীকাল সকাল ন'টা থেকে দশম শ্রেণী উত্তীর্ণ প্রার্থীদের জন্য এবং বেলা দেড়টায় অষ্টম শ্রেণী উত্তীর্ণ প্রার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

এদিকে বরাক উপত্যকার কাছাড় ও করিমগঞ্জ এই দুটি জেলায় এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । কাছাড় জেলা থেকে ৪২ হাজার ২৪ জন প্রার্থী এবং হাইলাকান্দি জেলা থেকে ১৯ হাজার ৪২১ জন ও করিমগঞ্জ জেলার ৭ হাজার ৪০৯জন এবং অন্যান্য জেলার ৫৮৫ জন প্রার্থী আগামীকাল পরীক্ষায় বসছেন । এছাড়া জকাছাড় জেলা থেকে অন্য জেলায় ৪৪৮ জন প্রার্থী নিয়ে মোট ৬৯ হাজার ৪৩৯ জন প্রার্থী ১৩০টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেবেন।

করিমগঞ্জ জেলার ২৯টি কেন্দ্রে অনুষ্ঠেয় নিযুক্তি পরীক্ষার জন্য করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট আগামীকাল সকাল ৬টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে পরীক্ষা কেন্দ্রের একশো মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী ও অনুমোদিত ব্যাক্তি ছাড়া কোন ব্যাক্তি ভীড় জমাতে পারবেন না । এছাড়া পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোন ব্যাক্তি মোবাইল ফোন , ইলেকট্রনিক সামগ্রী নিয়ে প্রবেশ করতে পারবেন না বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

এই পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এবং পরীক্ষা কেন্দ্রে প্রার্থীদের নির্বিঘ্নে আসা-যাওয়া সুনিশ্চিত করতে শহরের পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী জনবহুল বাজারগুলি বন্ধ রাখারও নির্দেশ দেওয়া হয়েছে। করিমগঞ্জের চক্র আধিকারীক আগামীকাল সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত করিমগঞ্জ শহরের সন্তর বাজার সংলগ্ন জাতীয় সড়কের পাশের

ব্রিজ রোডের বাজার , স্টেশন রোড ও করিমগঞ্জ কলেজের পাশের অস্থায়ী বাজার ও দোকান বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন । এছাড়া শহরের নো-পার্কিং জোনে কোন ধরনের যান বাহন রাখা যাবে না বলে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

আগামীকাল শিলচরে অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় যোগ দিতে হাইলাকান্দি জেলার প্রার্থীদের জন্য ট্রেন এবং ট্রেভেলার বাসের ব্যবস্থা করা হয়েছে । প্রশাসনের উদ্যোগে ট্রেনটি আগামীকাল ভোর চারটেয় হাইলাকান্দি জেলার জামিরা থেকে যাত্রা শুরু করে ভোর ৫ টায় হাইলাকান্দি রেলষ্টেশন হয়ে শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে ।এ ছাড়া জেলার চারটি বাসষ্ট্যান্ড থেকে পাচ মিনিট পর পর বাস শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে ।হাইলাকান্দি শহরের কলেজ রোড বাস ষ্ট্যান্ড থেকে ভোর পাচটায় ১০ থেকে ১৫ মিনিট পর পর ৩৫ টি ট্র্যাভেলার বাস কাঠাখাল হয়ে চালানো হবে ।এছাড়া শহরের গাছতলা বাস ষ্ট্যান্ড থেকে ২০ টি ট্রেভেলার বাস ধোয়ারবন্দ হয়ে শিলচরের উদ্দেশ্যে রোয়ানা দেবে ।অনুরুপভাবে লালা বাজার বাস ষ্ট্যান্ড থেকে ১০ টি ক্রুইজার ধোয়ারবন্দ হয়ে শিলচরের উদ্দেশ্যে রোয়ানা দেবে । ঘারমুরা থেকে কাঠাখাল হয়ে ১৫ টি ট্রেভেলার বাস চালানো হবে । এদিকে হাইলাকান্দি থেকে যাওয়া ট্রেনটি বিকেল প্রায় সাড়ে তিনটেয় হাইলাকান্দির উদ্দেশ্যে যাত্রা করার সম্ভাবনা রয়েছে ।

---

রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশনের অধীনে আগামীকাল অনুষ্ঠেয় চতুর্থ শ্রেণীর লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সমগ্র রাজ্যে সকাল সাড়ে আটটা থেকে বিকেল ৪ টা পর্যন্ত ইন্টারনেট সেবা বন্ধ থাকবে । রাজ্যের গৃহ ও রাজনৈতিক বিভাগের পক্ষে অতিরিক্ত মূখ্য সচিব অজয় তিওয়ারী এক বিবৃতিতে একথা জানিয়ে সকলকে যুবপ্রজন্মের ভবিষ্যতের স্বার্থে সহযোগীতা করার আহ্বান জানান । সরকারের নির্দেশ অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতার ২০২৩ ধারা এবং ইন্ডিয়ান টেলিগ্রাফ অ্যাক্টের সংশ্লিষ্ট ব্যাবস্থার অধীনে শাস্তির বিধান রয়েছে বলেও বিবৃতিতে জানানো হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর ‘মন কী বাত’ অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের কাছে নিজের মনের ভাব ব্যক্ত করবেন । এটি হবে ‘মন কী বাত’ অনুষ্ঠানের ১১৫তম সংস্করণ । আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্কের পাশাপাশি আকাশবাণী নিউজের ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমেও এই অনুষ্ঠান সম্প্রচার করা হবে । আকাশবাণী ও দূরদর্শনের নিউজ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ইউটিউব

চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান শোনা যাবে ।  আকাশবাণীর মাধ্যমে অনুষ্ঠানটি প্রচার হওয়ার অব্যবহিত পরেই এই অনুষ্ঠানের আঞ্চলিক ভাষার রূপান্তর প্রচার করা হবে ।

-----------------------------------------------------------------------------------------------

অষ্টম চলচিত্রম জাতীয় চলচিত্র মহোৎসব-২০২৪ আজ দুদিনব্যাপী কার্যসূচীতে গৌহাটীর জ্যোতি চিত্রবনে আরম্ভ হয়েছে । প্রবাল খাউন্দ পরিচালিত এবং গোপাল জালান ও ধ্রুবজ্যোতি কাকতি প্রযোজিত দ্যা লাষ্ট জেনারেশন ছবির প্রদর্শনের মাধ্যমে মহোৎসবের উদ্বোধন করা হয় । এই মহোৎসবে ৫০ টি তথ্যচিত্র ও স্বল্প দৈর্ঘ্যের ছবি প্রদর্শন করা হবে । প্রতিযোগীতা ও প্রদর্শনী এই দুই বিভাগে ছবিগুলি প্রদর্শন করা হবে । বিশ্ব সংবাদকেন্দ্র আসামের সহযোগী অনুষ্ঠান চলচিত্রমের উদ্যোগে আয়োজিত এই মহোৎসবের মূল বিষয়বস্তু হচ্ছে আমার ঐতিহ্য আমার গৌরব । মূল বিষয়বস্তু ছাড়াও মহোৎসবে পর্যটন ,কলা ,হস্তশিল্প ও বস্ত্র ,পান্ডুলিপি ও পান্ডুলিপি চিত্রাঙ্কন স্মৃতি সৌধ ও ঐতিহ্যক্ষেত্র ,সাংস্কৃতিক উৎসব ইত্যাদি বিষয়কেও প্রাধান্য দেওয়া হয়েছে । চলচিত্রের মাধ্যমে জাতীয়তাবাদকে উৎসাহিত করা সহ ভারতের কয়েকহাজার বছর পুরোনো সভ্যতা ,সংস্কৃতি ও ঐতিহ্যকে শ্রদ্ধা জানানোর উদ্দেশ্যে এই মহোৎসবের আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------------

সম্প্রতি প্রকাশিত বিজ্ঞাপন অনুসারে স্নাতকোত্তর এবং স্নাতক শিক্ষক পদের জন্য মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় ,প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় এবং সমগ্র শিক্ষার অধীনে কর্মরত সব শিক্ষকরাও আবেদন করতে পারবেন । শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগুর অনুমোদন লাভ করার পর রাজ্যসরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ পদগুলিতে আবেদন করার জন্য তাদের সামগ্রিকভাবে নো অবজেকশন সার্টিফিকেট প্রদান করেছে । তবে শিক্ষক পদের জন্য বাছাই হবার পর নিযুক্তির জন্য সংশ্লিষ্ট শিক্ষককে এই নো অবজেকশন সার্টিফিকেট দাখিল করতে হবে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------------

শিলচর পৌরসভা এবং কাছাড় জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে শহর জুড়ে পরিষ্কার পরিচ্ছন্নতা ও অনাময় ব্যাবস্থা  নিশ্চিত করার জন্য গতকাল কয়েকটি গুরুত্বপূর্ণ ওয়ার্ডে পরিষ্কার পরিচ্ছন্নতা ও নিষ্কাশন কর্মসূচী সম্পাদন করা হয় । সব বাসিন্দাদের একটি পরিষ্কার পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্ব দিয়ে বেশকয়েকটি ওয়ার্ডে এই  অভিযান চালানো হয় । স্যানিটেশনের ক্ষেত্রে প্রথম সারির বাহিনী সফল মিত্র দল রংপুর ভি আই পি রোডের ৫ নম্বর ওয়ার্ড ,লিঙ্ক রোডের ১৬ নম্বর ওয়ার্ড  সহ শহরের নির্ধারিত স্থানে গতকাল বিভিন্ন যন্ত্রপাতির মাধ্যমে জল

নিষ্কাশন ও পরিস্কার পরিচ্ছন্নতা উন্নত করার জন্য জোরদার অভিযান চালায় বলে তথ্য ও জনসংযোগ বরাকভ্যালী জোনের আঞ্চলিক কার্যালয় থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

অল ইন্ডিয়া ইলেকট্রিসিটি কনজিউমার্স অ্যাসোসিয়েশনের সর্বভারতীয় কমিটির উদ্যোগে আগামী সোমবার বেলা ১২ টায় গৌহাটীর জেলা গ্রন্থগার প্রেক্ষাগৃহে পূর্বভারতের রাজ্যগুলির যৌথ অভিবর্তন অনুষ্ঠিত হবে । এই অভিবর্তনে আসাম ছাড়াও উড়িষ্যা ,বিহার ,পশ্চিমবঙ্গ ,ঝাড়খন্ড ,ত্রিপুরা ,মেঘালয় ইত্যাদি রাজ্য থেকে বিদ্যুত গ্রাহক সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন বলে এক বিবৃতিতে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------